

স্মারক নম্বর- ০৫.১০.০৬০০.১১২.১১.০০২.২০২১-৯৫১

তারিখ : ১৪ পৌষ, ১৪২৮  
২৯ ডিসেম্বর, ২০২১

**নিয়োগ বিজ্ঞপ্তি**

বরিশাল জেলার ইউনিয়ন পরিষদের নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে ইউনিয়ন পরিষদ সচিব পদে লোক নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তে বরিশাল জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

পদের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বেতন স্কেল
ইউনিয়ন পরিষদ সচিব	০৮ (আট) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যান্য দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি	গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/- টাকা (সরকার কর্তৃক ৭৫% এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% বেতন প্রাপ্য হবেন)


**শর্তাবলী:**

- ০১। আগ্রহী প্রার্থীকে নির্ধারিত চাকুরির আবেদন ফরম সম্পূর্ণ করে স্ব-হস্তে পূরণপূর্বক নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করতে হবে। আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের [www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd) ওয়েবসাইটে অথবা জেলা প্রশাসক, বরিশাল এর ওয়েবসাইট [www.barishal.gov.bd](http://www.barishal.gov.bd) হতে সংগ্রহ করা যাবে।
- ০২। আবেদনপত্র আগামী ২৬/০১/২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক, বরিশাল বরাবর সরকারি ডাকযোগে পৌছাতে হবে। কুরিয়ার সার্ভিসের মাধ্যমে/সরাসরি আবেদন গ্রহণযোগ্য নহে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ০৩। সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত (প্রথম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক) ০৩ (তিন) কপি রঙিন ছবি আবেদনের নির্ধারিত স্থানে লাগাতে হবে। ছবিতে প্রার্থীর নাম লিখতে হবে। সকল শিক্ষা সনদের সত্যায়িত অনুলিপি, গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নাম পদবির সিল স্বাক্ষরসহ) প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র, জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ, আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৪। পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে জেলা প্রশাসক, বরিশাল এর অনুকূলে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ০৫। প্রার্থীর বয়স: জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ১৯ আগস্ট ২০২১ তারিখের ১৪৩ নং স্মারক মোতাবেক ২৫.০৩.২০২০ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩০ বছর। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেবিট গ্রহণযোগ্য হবে না।
- ০৬। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনির ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধার সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে। মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তা (নাম পদবির সিল স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। (শারীরিক প্রতিবন্ধী/এতিম/ক্ষুদ্র-নু গোল্ডী/আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।
- ০৭। খামের উপর পদের নাম ও কোটার নাম (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- ০৮। প্রার্থী কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- ০৯। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগবিধি এবং সরকার নির্ধারিত কোটা/বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ১০। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এ ক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১১। কোন তথ্য গোপন করলে কিংবা তথ্যের স্বপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করতে ব্যর্থ হলে কিংবা কোন তদবিরের আশ্রয় নিলে তা প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

(চলমান পাতা - - - ০২)

-: পাতা/০২:-

- ১২। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোন শর্ত সংযোজন/পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।
- ১৩। চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে তাকে নিয়োগ প্রদান করা হবে না।
- ১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম বাতিল/স্থগিত/সময় পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৫। প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে আগ্রহী তা স্পষ্টভাবে খামের উপর উল্লেখ করত: ১০/- (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকিটযুক্ত ৯.৫X৪.৫ ইঞ্চি সাইজের একটি খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ১৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার পূর্বে আবেদন ফরমে উল্লিখিত সকল তথ্যের সমর্থনে মূল সনদসমূহ জেলা প্রশাসক, বরিশাল বরাবরে দাখিল করতে হবে।
- ১৭। বেতন-ভাতা সরকার নির্ধারিত হারে বিদ্যমান বিধি ও নীতিমালা অনুযায়ী প্রদান করা হবে।

  
(জসীম উদ্দীন হায়দার)

জেলা প্রশাসক  
বরিশাল

ফোন নং- +৮৮০২৪৭৮৮৬৪২৫৯


ই-মেইল: dcbarishal@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.১০.০৬০০.১১২.১১.০০২.২০২১-৯৫১

তারিখ : ১৪ পৌষ, ১৪২৮  
২৯ ডিসেম্বর, ২০২১

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল
- ০৪। জেলা প্রশাসক,----- (সকল)
- ০৫। পুলিশ সুপার, বরিশাল ও সদস্য নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
- ০৬। সিভিল সার্জন, বরিশাল
- ০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল ও সচিব, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
- ০৮। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরিশাল
- ০৯। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বরিশাল ও সদস্য, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
- ১০। উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল)..... বরিশাল।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)..... বরিশাল
- ১২। মেয়র (সকল)..... পৌরসভা | বিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৩। জেলা তথ্য অফিসার
- ১৪। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ব্যুরো, বরিশাল
- ১৫। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল (বিজ্ঞপ্তি ও মডেল আবেদন ফরমটি জেলার ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ১৬। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ..... বরিশাল।
- ১৭। সম্পাদক,..... | বিজ্ঞপ্তিটি..... তারিখ একবার (১০X৩) ইঞ্চি কলামে পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো। (বিজ্ঞপ্তি প্রকাশের পর বিজ্ঞপ্তি সম্বলিত ০৫(পাঁচ) কপি পত্রিকা এ কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।

  
জেলা প্রশাসক  
বরিশাল



বরাবর

জেলা প্রশাসক  
বরিশাল।

৫ x ৫ সে.মি  
ছবি(সম্প্রতি তোলা তিন  
কপি)

চাকরির আবেদন ফরম

১.	পদের নাম:														
২.	বিজ্ঞপ্তি নম্বর:						তারিখ:	দি	ন	মা	স	ব	৭	স	র
৩.	প্রার্থীর নাম	বাংলা: ইংরেজিতে (বড় অক্ষরে):													
৪.	জাতীয় পরিচয় নম্বর:												(যে কোন একটি)		
	জন্ম নিবন্ধন নম্বর:														
৫.	জন্ম তারিখ:	দি	ন	মা	স	ব	৭	স	র	৬. জন্ম স্থান (জেলা):					
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স:	বছর			মাস			দিন							
৮.	মাতার নাম :														
৯.	পিতার নাম :														
১০.	ঠিকানা :	বর্তমান										স্থায়ী			
	বাসা ও সড়ক (নাম/নম্বর) :														
	গ্রাম/পাড়া/মহল্লা :														
	ইউনিয়ন/ওয়ার্ড :														
	ডাকঘর :														
	পোস্টকোড নম্বর :														
	উপজেলা :														
	জেলা :														
১১.	যোগাযোগ :	মোবাইল/টেলিফোন নম্বর :					ই-মেইল (যদি থাকে) :								
১২.	জাতীয়তা :	১৩.			জেন্ডার :										
১৪.	ধর্ম :	১৫.			পেশা :										
১৬.	শিক্ষাগত যোগ্যতা:														
	পরীক্ষার নাম	বিষয়			শিক্ষা প্রতিষ্ঠান			পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়		বিভাগ/শ্রেণী/জিপিএ/ সিজিপিএ				
১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):														
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রয়োজ্য ক্ষেত্রে):														
১৯.	কোট (টিকা দিন):	মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা					এতিম/শারীরিক প্রতিবন্ধী								
		ক্ষুদ্র-নৃ গোষ্ঠী			আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য			অন্যান্য (উল্লেখ করুন):							
২০.	চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর:						তারিখ:								
	ব্যাংক ও শাখার নাম:														
২১.	বিভাগীয় প্রার্থী কিনা (টিকা দিন) :	হ্যাঁ			না			প্রয়োজ্য নয়							
আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব।কোন তথ্য অসত্য প্রমানিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।															
														প্রার্থীর স্বাক্ষর	